# Times Today BD

ইমরান হোসেন রাজ | অর্থনীতি | 18 June, 2025

যশোরের মণিরামপুরে ৩৫ লাখ টাকা ছিনতাইয়ের ঘটনায় ৭ জনকে গ্রেফতার করেছে পুলিশ।একই সাথে ছিনতাই হওয়া ৩২ লাখ টাকা উদ্ধার করা হয়েছে।এই ঘটনায় নগদ ডিস্টিবিউটরের প্রাইভেটকারের চালকও জড়িত বলে জানিয়েছে পুলিশ।

বুধবার সকালে এক সংবাদ সম্মেলনে এতথ্য জানান অতিরিক্ত পুলিশ সুপার নূরে আলম সিদ্দিকী।

মঙ্গলবার সকালে নগদ ডিস্টিবিউটর মোঃ রবিউল ইসলাম প্রাইভেটকারে যশোর থেকে মণিরামপুর যাচ্ছিলেন।জামতলায় পৌঁছালে দুটি মোটরসাইকেলে অজ্ঞাতনামা ছিনতাইকারীরা ধারালো চাপাতি হাতে গাড়ির গতিরোধ করে।তারা গাড়ির গ্লাস ভেঙে রবিউলকে হত্যার হুমকি দিয়ে তার কাছে থাকা ৩৫ লক্ষ টাকা ছিনতাই করে পালিয়ে যায়।রবিউল তাৎক্ষণিক জরুরি সেবা ৯৯৯-এ ফোন করে ঘটনাটি জানান।

নুর-ই-আলম সিদ্দিকী জানান, সিসি ক্যামেরার ফুটেজ পর্যালোচনা ও প্রযুক্তির সহায়তায় পুলিশ দ্রুত জড়িতদের শনাক্ত করে।এরপর বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে আসামিদের আটক করা হয়।জিজ্ঞাসাবাদে জানা যায়, ছিনতাইয়ের মূল পরিকল্পনায় ছিলেন প্রাইভেটকারের চালক ইউসুফ আলী ওরফে সাজু।

গ্রেফতারকৃত আসামিদের দেওয়া তথ্য অনুযায়ী, ঝিকরগাছা থানাধীন দিগদানা গ্রামের মোঃ ইমদাদুল গাজীর কাছ থেকে ১৬ লাখ ৫৫ হাজার ৫০০ টাকা এবং মোঃ সুজন ইসলামের বাড়ি থেকে ১৫ লাখ ৫০ হাজার টাকা সহ মোট ৩২ লাখ ৫ হাজার ৫০০ টাকা উদ্ধার করা হয়। ছিনতাইয়ে ব্যবহৃত দুটি চাপাতি ও টাকা বহনকারী একটি ব্যাগও উদ্ধার করেছে পুলিশ।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 15:14

URL: https://www.timestodaybd.com/public/economy/3481775807